

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার কার্য বিবরণী / মে -২২ইং

উপজেলাঃ নকলা,শেরপুর।

সভাপতি: জনাব মুহাম্মদ সারোয়ার আলম ,ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নকলা,শেরপুর।

অদ্য ০৯/০৫/২০২২ খ্রি. রোজ সোমবার উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নকলা,শেরপুর এর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মুহাম্মদ সারোয়ার আলম তালুকদার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নকলা,শেরপুর।

সভার শুরুতেই তিনি স্বাস্থ্য বিভাগের কার্যক্রমের বর্তমান অবস্থাসহ অত্র দপ্তরের বিস্তারিত কার্যক্রম সম্পর্কে জানতে চান। অতঃপর তিনি আলোচ্য কর্মসূচি মোতাবেক সভার কাজ পরিচালনার জন্য কমিটির সদস্য সচিব ড: মোহাম্মদ গোলাম মোস্তফা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মহোদয়কে অনুরোধ করেন।

আলোচ্য সূচী-০১:

কমিটির সদস্য সচিব জনাব ড: মোহাম্মদ গোলাম মোস্তফা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নকলা,শেরপুর সভায় বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান এবং সকলের সম্প্রতিক্রমে উহা অনুমোদিত হয়।

আলোচ্য সূচী-০২:

কমিটির সদস্য সচিব জনাব ড: মোহাম্মদ গোলাম মোস্তফা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে, উদ্ভূত করোনা পরিস্থিতি মোকাবিলায় জন্য এলাকার গণমানুষকে করোনা বিষয়ে সচেতন করা খুবই জরুরী। এ বিষয়ে তিনি স্বাস্থ্য সহকারী এবং সিএইচপিদের একদিনের একটি ওরিয়েন্টেশন কোর্স আয়োজনের জন্য উপস্থিত সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন স্বাস্থ্য সহকারী এবং সিএইচপিদের করোনা বিষয়ক এই ওরিয়েন্টেশন কোর্সের মাধ্যমে আমরা এলাকার মানুষকে করোনা বিষয়ে সচেতন করে করোনার ঝুঁকি হ্রাস করতে চাই। এ বিষয়ে সভার সকলে একমত পোষণ করেন। সভাপতি মহোদয় করোনা বিষয়ক প্রশিক্ষণের আয়োজনে সম্মতি জ্ঞাপন করেন এবং ইউজিডিপি প্রকল্প থেকে আর্থিক বরাদ্দের মাধ্যমে এই প্রশিক্ষণ আয়োজনের সার্বিক ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

আলোচ্য সূচী-০৩:

সভাপতি মহোদয় বলেন, নকলার মানুষের স্বাস্থ্যগত যে কোন সমস্যায় স্বাস্থ্য বিভাগ যেন দ্রুত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে পারে সে জন্য তিনি সার্বিক সহযোগিতা করবেন বলে সভায় আশ্বস্ত করেন। তিনি বলেন, হাসপাতাল হলো চিকিৎসা কেন্দ্র এটা কোন ব্যবসায়িক প্রতিষ্ঠান নয় কাজেই সবার আগে সেবার বিষয়টি চিন্তা করতে হবে এবং এ ব্যাপারে তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মুহাম্মদ সারোয়ার আলম)

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি
নকলা,শেরপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর
নকলা, শেরপুর।

স্মারকনং-

তারিখঃ ০৫/০৫/২০২২ খ্রিঃ।


উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কমিটির সভার কার্যবিবরণী/মে ২০২২

আগামী ০৯/০৫/২০২২ খ্রিঃ রোজ- সোমবার সকাল ১১.০০ ঘটিকায় নকলা উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কমিটির সভা জনাব মুহাম্মদ সারোয়ার আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচীঃ

- ১। বিভাগীয় আলোচনা।
- ২। বিবিধ।


০৫.০৫.২২

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
নকলা, শেরপুর।

স্মারকনং-

তারিখঃ ০৬/০৫/২০২২ খ্রিঃ।

অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর।
- ২। উপজেলা..... অফিসার, নকলা, শেরপুর।
- ৩। চেয়ারম্যান..... ইউ,পি, নকলা, শেরপুর।
- ৪। অফিস কপি।


০৫.০৫.২২
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
নকলা, শেরপুর।